<u>**আগস্ট ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।**</u>

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৭.০৮.২০২৫খ্রি.

সময় ঃ দুপুর ০২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

<u>**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**</u>

জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

<u>**সিদ্ধান্তঃ ০১**</u> বিস্তারিত আলোচনান্তে জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

<u>**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**</u>

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা হয়নি।

<u>**সিদ্ধান্তঃ ০২**</u> বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা ওয়েব পোর্টালে আপলোড করে হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**</u>

আলোচ্য সময়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৭ আগস্ট ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৬২.২৫-২৩৪ নম্বর স্মারকে উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটি গঠন সংক্রান্ত পত্র এবং একই মন্ত্রণালয়ের একই শাখার ১৭ আগস্ট ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৫.০০০৪.২৫-২৩৭ নম্বর অফিস আদেশে উল্লিখিত শর্তে উপজেলা পরিষদে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত শ্রমিকদের মজুরীর হার নির্ধারণ সংক্রান্ত অফিস আদেশ পাওয়া গেছে। এ আদেশ ১ জুলাই ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

<u>**সিদ্ধান্তঃ ০৩**</u> প্রাপ্ত সরকারি পত্র ২টির নির্দেশনা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

## আগস্ট ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৭.০৮.২০২৫খ্রি.

সময় ঃ দুপুর ০২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা হয়নি।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা ওয়েব পোর্টালে আপলোড করে হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৭ আগস্ট ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৬২.২৫-২৩৪ নম্বর স্মারকে উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটি গঠন সংক্রান্ত পত্র এবং একই মন্ত্রণালয়ের একই শাখার ১৭ আগস্ট ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৫.০০০৪.২৫-২৩৭ নম্বর অফিস আদেশে উল্লিখিত শর্তে উপজেলা পরিষদে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত শ্রমিকদের মজুরীর হার নির্ধারণ সংক্রান্ত অফিস আদেশ পাওয়া গেছে। এ আদেশ ১ জুলাই ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

**সিদ্ধান্তঃ ০৩** প্রাপ্ত সরকারি পত্র ২টির নির্দেশনা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বিভাগীয় আলোচনা</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম<br>স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আমনের লক্ষ্যমাত্রা ১৭৪৪৫ হেক্টর যা<br>শতভাগ অর্জিত হয়েছে। সকল প্রকারের সারের পর্যাপ্ত মজুদ আছে। কৃষকের মাঝে<br>সার সুষ্ঠুভাবে বিতরণ করা হচ্ছে। তবে TSB সারের বরাদ্দ কম। DAP সারের<br>বরাদ্দ বেশী আছে। DAP সারে ৪০% ইউরিয়া সার থাকে। কৃষকগণকে DAP সার<br>কেনার জন্য তিনি অনুরোধ করেন। **<u>এটি দামে কম মানে ভাল।</u>** সারের মজুদ আছে।<br>সংকট নেই। DAP সারের মূল্য ১০৫০/- টাকা। কেউ বেশী মূল্য নিচ্ছে এমন<br>অভিযোগ একজন করলেও উক্ত সার ডিলারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া<br>হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানান। তিনি<br>উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, দিওড় ইউনিয়নে মৌলী<br>ট্রেডার্সে সারের দোকানে ভূয়া কীটনাশক রাখেন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি<br>উপজেলা কৃষি অফিসার, বিরামপুরকে অনুরোধ করেন।<br>জনাব মোঃ নয়ন, সদস্য, জোতবানী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তিনি ৭ বস্তা<br>সার কিনেছেন। প্রতি বস্তা ১২৭০/- টাকা হিসেবে মূল্য নিয়েছেন। শুধু জোতবানীতে না<br>প্রতিটি দোকানে বেশী মূল্যে সার বিক্রয় করা হচ্ছে। এর একটি অন্যতম কারণ অনেক<br>কৃষক নগদ মূল্যে সার ক্রয় করতে পারছেন না বাকীতে সার ক্রয় করছেন। বাকী<br>নেয়ার কারণে সার ডিলার সরকারি মূল্যে সার দিতে চাননা। সরকারি মূল্যে নিতে<br>চাইলে অনেক সময় সারই দেয় না। ফলে কৃষক বিপদে পড়ে যায়। যার কারণে বেশী<br>মূল্য দিয়ে নিতে হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ৬</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে,<br>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এন্টি ভেনম ২০টি<br>আছে। মাত্র ৩ জন চিকিৎসক কর্মরত আছেন। ফলে কাঙ্খিত সেবা প্রদান করা সম্ভব<br>হচ্ছে না বরং সমস্যা হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, জেলা পর্যায়ের সভায় সিভিল<br>সার্জন, দিনাজপুর বিরামপুরে মানহীন ডায়াগনস্টিক সেন্টার রয়েছে মর্মে উল্লেখ<br>করেন। তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে<br>ডায়াগনস্টিক সেন্টারের মালিকদের নিয়ে সভা করার অনুরোধসহ মনিটরিং বৃদ্ধি<br>করার জন্যও অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ৭</u><br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক<br>কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, লাম্পি স্কিন ডিজিজ রোগে<br>প্রাণি আক্রান্ত হচ্ছে। নভেম্বর ২০২৫ মাস থেকে সরকারিভাবে টিকা দেয়া যাবে। টিকা<br>দেয়ার ফলে রোগটি নিয়ন্ত্রণ করা সম্ভব হবে বলে তিনি আশা করেন। এ পর্যায়ে আগস্ট<br>২০২৫ মাসের তথ্য উপস্থাপন করা হয়। ২৪৪৫ টি গবাদি প্রাণির এবং ১২৩৫১ টি হাঁস-<br>মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে ২৫ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা<br>হয়েছে। কৃত্রিম প্রজনন ৩৬৭ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৪৭টি।<br>গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১০২০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৪০০০০<br>মাত্রা। এ মাসে ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়েছে। ৫টি উঠান বৈঠকের<br>আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে <u>গবাদিপ্রাণি</u><br><u>ও হাঁসমুরগীর টিকা প্রাপ্তিঃ আগস্ট ২০২৫ মাসে</u> (১) তড়কা-০০ মাত্রা, (২) বাদলা-০০<br>মাত্রা, (৩) গলাফুলা-৮০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৩০০০০০ মাত্রা, (৫) আরডিবি-<br>৫০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-২০০০০ মাত্রা, (৭) পাউল কলেরা-১৫০০ মাত্রা, (৮)<br>গট পক্স-০০ মাত্রা, (৯) গামবোরো-৪০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-৪০০০০ মাত্রা, (১১)<br>ক্ষুরা-৩২০ মাত্রা, (১২) ছাগ বসন্ত-১০০০ মাত্রা এবং (১৩) লাম্পি স্কিন ডিজিজ-২৫<br>মাত্রা। সর্বমোট=৪১৭৬৪৫ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ৮</u><br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম<br>স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৮-২৫ আগস্ট ২০২৫ পর্যন্ত ৭ দিন<br>ব্যাপী মৎস্য সপ্তাহ পালিত হয়েছে। সার্বিক সহযোগিতা করার জন্য তিনি উপজেলা<br>নির্বাহী অফিসার, বিরামপুরসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর মহোদয়ের আন্তরিক সহযোগিতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে বকেয়া বিদ্যুৎ বিল আদায় হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান যে, বিদ্যুৎ লাইনের পাশের গাছপালা অপসারণের কাজ চলছে। সে কারণে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করতে হচ্ছে। তবে বেশী সময় বিদ্যুৎ বন্ধ রাখার প্রয়োজন হলে সময় উল্লেখ করে মাইকিং করা হয়। বড়পুকুরিয়া গ্রীড হতে বিদ্যুৎ না দেয়ায় মাঝে বিদ্যুতের সমস্যা ছিল যা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অবহিত করা হয়েছে। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, হাকিমপুর-বিরামপুর সীমানায় পুলিশ বক্সের ঢালাই কাজের জন্য ৩০ মিনিট বিদুতের প্রয়োজন। কিভাবে বিদ্যুৎ নেয়া যায়। প্রতিনিধি জানান বর্ণিত ঢালাইয়ের জন্য বিদ্যুৎ দেয়া সম্ভব নয়। তবে পার্শ্ববর্তী কারও থেকে সংযোগ নিয়ে কাজটি সম্পন্ন করতে পারেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুর পবিত্র উমরা পালনের জন্য ছুটিতে থাকায় এবং উক্ত দাপ্তরের কোন প্রতিনিধি না থাকায় বর্ণিত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, সেচের লাইসেন্সের জন্য নতুন আবেদন আসছে। তবে প্রয়োজন না থাকলে নতুন লাইসেন্স দেয়া যাবে না। ব্যক্তিগত সেচের লাইসেন্স সংখ্যা ২৯৯টি এবং STW ৬৮৬টি। বড়বাইলশিরার কমিটি গঠন করা হয়নি। সমিতিতে ঝামেলা চলছে। সেচ কমিটি বাবার নামে জমি থাকলে লাইসেন্স দিচ্ছে না। তবে সেচের প্রয়োজনে বিবেচনা করা যাবে। সাধারণতঃ সভাপতি/সম্পাদকের নামে লাইসেন্স দেয়া হয়। উপজেলা সমবায় অফিসার ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এবং ভাল লোকজনের সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। প্রতিটি সমিতিতে আবশ্যিকভাবে কমিটি থাকতে হবে। উপজেলা সমবায় অফিসার উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র প্রাপ্তি সাপেক্ষে কমিটি গঠন করা যাবে মর্মে সভায় প্রস্তাব উথ্থাপন করেন। নির্বাচনের মাধ্যমে কমিটি গঠনের প্রস্তাব করা হয়। এডহক কমিটিতে সরকারি কর্মকর্তাকে সভাপতি/সম্পাদক করা যাবে মর্মে তিনি জানান। সেচের সার্বিক কার্যক্রম সমিতির মাধ্যমে চালানো হলে কোন সমস্যা থাকবে না। তাই তিনি সমিতির মাধ্যমে সেচ কার্যক্রম পরিচালনা করার অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এবার পূজা মন্ডবের সংখ্যা ৪১টি। খানপুর ইউনিয়নের করমতলীতে একটি নতুন মন্ডব হয়েছে। এখানে মোট মন্ডবের সংখ্যা হবে ১০টি। তিনি আবশ্যিকভাবে পূজা মন্ডবে সিসি ক্যামেরা লাগানোর অনুরোধ জানান। বর্তমানে প্রতিমা তৈরী করার কাজ চলছে। কোথাও কোন সমস্যা দেখা দিলে তিনি তাৎক্ষনিকভাবে তাকে জানানোর অনুরোধ করেন। বিরামপুর পৌরসভার তত্ত্বাবধানে থানার সামনের রাস্তাটির কাজ চলছে। রাস্তাটি করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, বিরামপুর পৌরসভাকে আন্তরিক ধন্যবাদ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪ উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। তিনি আরও জানান যে, অভিরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ নেই এবং বিদ্যুতের মিটার নেই। দিপবিস-২ এর প্রতিনিধি বলেন যে, বিদ্যুৎ সংযোগ চেয়ে আবেদন করা হলে বিদ্যুৎ সংযোগ দেয়া হবে। সহকারী উপজেলা শিক্ষা অফিসার আরও জানান যে, প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুধুমাত্র সেই শিক্ষার্থীরাই দিতে পারবে যারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়াশুনা করে এবং মেধাবী ও গরীব। বহিরাগতরা নয়। প্রাথমিক পর্যায়ে সকল শিক্ষার্থী যেন বৃত্তি পরীক্ষা দিতে পারে এ বিষয়ে রীট হয়েছিল কিন্তু তা খারিজ হয়ে গেছে। ফলে সরকারি সিদ্ধান্তই বহাল রয়েছে। মিডডে মিল ১ সেপ্টেম্বর ২০২৫ থেকে চালু হবে। কসবা সাগরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক অপর শিক্ষককে মারার জন্য চেয়ার তুলেছিলেন। যিনি মারার জন্য চেয়ার তুলেছিলেন তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বিরামপুর থানাকে অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বেনবেইজ জরিপের কাজ চলছে। HSC, আলিম ও সমমানের পরীক্ষা শেষ হয়েছে। ব্যবহারিক পরীক্ষা চলছে। এরপর গ্রীষ্মকালিন খেলার মিটিং করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিরামপুর উপজেলায় ১০০% ঋন আদায় হয়েছে। এটি বিরল ঘটনা। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর VWB এর চাল বিতরণে ব্যস্ত থাকায় সভায় উপস্থিত থাকতে পারেননি। ফলে উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জেলা পর্যায়ে সভায় যাওয়ার কারণে এ সভায় উপস্থিত হতে পারেননি। ফলে উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর মাতৃত্বকালিন ছুটিতে আছেন। এ উপজেলায় উপজেলা আইসিটি কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুরকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। কিন্তু আজকের সভায় তিনি উপস্থিত নেই। ফলে উক্ত দপ্তর সম্পর্কীয় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রশিক্ষণ খাতে এখনও বরাদ্দ পাওয়া যায়নি। সে কারণে প্রশিক্ষণ শুরু করা হয়নি। তবে আগামী ০১.০৯.২০২৫ খ্রি. তারিখে প্রশিক্ষণ শুরু হবে। কম্পিউটারপ্রশিক্ষণের প্রার্থী নির্বাচনের জন্য ২৭.০৮.২০২৫ তারিখ মৌখিক পরীক্ষা নেয়া হবে। বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, কমিউনিটি ক্লিনিকের কর্মীরা স্মারকলিপি দিতে এসেছিল। তাদের মধ্যে একজন সামাজিক যোগাযোগ মাধ্যমে বক্তব্য প্রদান করায় সমস্যার সৃষ্টি হয়েছে। তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়েছে কিনা জানতে চাইলে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সামাজিক যোগাযোগ মাধ্যমে যার বক্তব্য প্রদানের কারণে সমস্যার সৃষ্টি হয়েছে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান যে, বিদ্যুৎ বিল বেশী আসছে। বিদ্যুৎ লাইনটি চেক করা প্রয়োজন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেও একই সমস্যা। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, বিনাইল ইউনিয়নে স্বাভাবিক প্রসব জোরদার করার জন্য কিট ক্রয় করা হয়েছে কি-না। এ প্রেক্ষিতে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর খুব দ্রুতই কিট ক্রয় করা হবে মর্মে জানানো হয়। সমস্যা উল্লেখ করে বিদ্যুৎ লাইন চেক করার জন্য আবেদন করার পরামর্শ প্রদান করেন। সেই সাথে ভূমি উন্নয়ন কর পরিশোধ করার অনুরোধ জানান। উক্ত খাতে বরাদ্দ না থাকলে বরাদ্দ আনার ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হয়। | | |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে এখনও বরাদ্দ পাওয়া যায়নি। ২০২৪-২০২৫ অর্থবছরে সকল শেষ হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, দুর্যোগ, অগ্নিকান্ড বা বজ্রপাতে এ উপজেলায় ক্ষয়ক্ষতি হলে উপজেলায় খবর না দিয়ে জেলা প্রশাসক, দিনাজপুর ও ডিআরও মহোদয়কে জানানো হচ্ছে। এতে উপজেলা প্রশাসনকে বিব্রতকর অবস্থায় পড়তে হচ্ছে। তিনি অনুরোধ করেন যে কোন দুর্যোগ, অগ্নিকান্ড বা বজ্রপাতে এ উপজেলায় ক্ষয়ক্ষতি হলে সর্ব প্রথম উপজেলা প্রশাসনকে জানানোর জন্য অনুরোধ করেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, অগ্নিকান্ড, বজ্রপাত, পানিতে ডুবে এবং ঝড়ে মারা গেলে ২৫,০০০/- টাকা সাহায্য দেয়া হয়। তিনি ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ কমিটি হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। দুর্যোগ যেন না হয় এ দোয়া করার জন্য তিনি অনুরোধ করেন। কোন ইউনিয়নে ব্রীজের প্রয়োজন আছে কি-না চানতে চেয়েছিলেন কিন্তু কোন ইউনিয়ন থেকে কোন প্রস্তাব অদ্যাবধি পাওয়া যায়নি মর্মে তিনি উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি কৃষক সমবায় সমিতি করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিরামপুরকে প্রস্তাব প্রেরণের অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, ৩ফিট চারা রয়েছে প্রয়োজনে দেয়া যাবে। ৫ আগস্ট ২০২৪ এর পর খানপুর ইউনিয়নে বন বিভাগের অনেক জমি বেদখল হয়েছে। স' মিলগুলোতে মোবাইল কোর্ট পরিচালনার জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। ঋণ খেলাপীদের লাল নোটিশ দেয়ার প্রস্তুতি চলছে। লাল নোটিশের অনুলিপি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে দেয়া হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, অডিটে ৩৩ মাসে ৩,৬২৫/- টাকার একটি গড়মিল পাওয়া যায়। বর্ণিত টাকা জমা প্রদান করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩২ তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩ Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, এ মুহূর্তে কোন কাজ নেই। তবে স্থায়ী কমিটির সভা এবং পঞ্চ বার্ষিকী পরিকল্পনা দ্রুত করা প্রয়োজন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা কমিটির সভা নিয়মিতভাবে করার এবং তা উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে সকল সদস্য সচিবদেরকে নির্দেশনা দেন। উল্লেখ্য যে, সদস্য সচিবগণ স্থায়ী কমিটির সভার তারিখ পূর্বেই ইউডিএফ-কে জানাবেন যেন উপজেলা কমিটির সভায় তিনি উপস্থিত থাকতে পারে।<br>পঞ্চবার্ষিক পরিকল্পনা তৈরির জন্য কিছু তথ্য চেয়ে গত ১২ মার্চ, ২০২৫ তারিখে উপজেলা প্রকৌশলী, বিরামপুর স্বাক্ষরিত একটি পত্র বিভিন্ন দপ্তরে/ ইউনিয়ন পরিষদে দেয়া হয়। কিন্ত এখন পর্যন্ত দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বন বিভাগ, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA) এবং সকল ইউনিয়ন পরিষদ থেকে পাওয়া যায়নি।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) থেকে কোন উপজেলাকে অর্থ বরাদ্দ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট উপজেলার কর্মদক্ষতা মূল্যায়ন করা হয়। যা আগামীতেও করা হবে। পরিষদের ওয়েব পোর্টালে অন্যান্য তথ্যসহ নিম্নবর্ণিত তথ্যসমূহ অবশ্যই হালনাগাদ থাকতে হবেঃ<br>১) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।<br>২) ১৭ টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী।<br>৩) অর্থ বছরের বার্ষিক অনুমোদিত বাজেট।<br>৪) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা।<br>৫) পঞ্চবার্ষিকী পরিকল্পনা।<br>৬) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) প্রতিবেদন।<br>৭) বার্ষিক আয় ব্যয় বিবরণী।<br>উল্লেখ্য যে, উপরের দেয় ১ নম্বর তথ্যটি ছাড়া কোন হালনাগাদ তথ্যই উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে দেয়া নাই। হালনাগাদ তথ্যগুলো আপলোড করা অতীব জরুরী। তিনি সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বন বিভাগ, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA) এবং সকল ইউনিয়ন পরিষদকে পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নে তথ্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪ খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বোরো সংগ্রহ শেষ হয়েছে। ৭৯% অর্জিত হয়েছে। আগস্ট ২০২৫ তেকে খাদ্য বান্ধবের চাল বিতরণ শুরু হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫ আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬ ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪০ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্ষায় কাঁচা রাস্তার অবস্থা খুব খারাপ। জরুরীভিত্তিতে রাবিশ দেয়া জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫ বিবিধ | -- | -- | -- |

৪৬. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জুলাই/২০২৫ মাসে কোন ব্যয় করা হয়নি।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর,দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৮/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

তারিখঃ ০৭.০৯.২০২৫ খ্রি.

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৭০২/১(৪৫)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. উপজেলা.........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৮. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
০৯. জনাব ............................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৭/০৯/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd